



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা



www.eedmoe.gov.bd

তাগিদপত্র

শিক্ষা ভবন, নবাব আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩১.০১২.২০.৮৭

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮

১০ জুন ২০২১

বিষয়: পার্সন্যাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (PIMS)-এ কর্মকর্তা-কর্মচারীদের তথ্য আপলোড সংক্রান্ত।

- সূত্র: ১) ইইডি প্রধান কার্যালয়ের ০৩/০২/২১ তারিখের স্মারক নং- ৩৭.০৭.০০০০.০১৯.৩১.০০১.২০.২৩
২) ইইডি প্রধান কার্যালয়ের ০১/০৯/২০ তারিখের স্মারক নং- ৩৭.০৭.০০০০.০১৯.৩১.০০১.২০.১৬৮৫
৩) ইইডি প্রধান কার্যালয়ের ২৬/০৮/২০ তারিখের স্মারক নং- ৩৭.০৭.০০০০.০১৯.৩১.০০১.২০.১৬৪৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি, বদলি/পদায়ন, ছুটি মঞ্জুর, প্রশিক্ষণ, পিআরএল গমনের তথ্য, জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন ইত্যাদি গুরুত্বপূর্ণ কার্যক্রম সহজিকরণ এবং দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে একটি পিআইএমএস সফটওয়্যার তৈরি করা হয়েছে। উক্ত পিআইএমএস (<http://bdspiderit.com/eduhrm>) সফটওয়্যার-এ কর্মকর্তা-কর্মচারীদের চাকরি সংক্রান্ত যাবতীয় তথ্য আপলোড করার জন্য সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে অনুরোধ জানানো হয়। কিন্তু অনেক কর্মকর্তা-কর্মচারী অদ্যাবধি তথ্য আপলোড করেননি, এমনকি রেজিস্ট্রেশনও করেননি। ফলে তাঁদের নিয়োগ, পদোন্নতি, বদলি, চাকরী স্থায়ীকরণ ও ছুটিসহ চাকরি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে বিঘ্ন ঘটছে।

২.০ পিআইএমএস সফটওয়্যার-এ রিপোর্ট তৈরি ও প্রদর্শনসহ বিভিন্ন প্রয়োজনে তথ্য ব্যবহারের জন্য প্রধান কার্যালয়, সার্কেল ও জেলা পর্যায়ে অফিসসমূহে অফিসভিত্তিক এডমিন (সার্কেল ও জেলা অফিসের প্রধানগণ) তৈরি করা হয়েছে এবং এ সাথে উক্ত এডমিনগণের আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে।

৩.০ এমতাবস্থায়, তাঁর দপ্তরে কর্মকর্তা-কর্মচারীদের তথ্যসমূহ দ্রুত সময়ের মধ্যে আবশ্যিকভাবে আপলোড করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পিআইএমএস সফটওয়্যার সংক্রান্ত কোন বিষয়ে সহযোগিতার জন্য জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, সহকারী প্রোগ্রামার (মোবাইল: ০১৭১৪-৩৬৬৪৪২) ও জনাব মো: আসিক জামান, সফটওয়্যার কনসালটেন্ট (মোবাইল: ০১৬৭০-১০৭৯৯৮)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৪.০ বিষয়টি অতি জরুরি।

সংযুক্ত: বর্ণনা অনুযায়ী

১০-৬-২০২১

(মো: আরিফুর রহমান)

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

ফোন: ০২-৯৫৬২৮৫৬

ফ্যাক্স: ০২-৯৫৫৯৩৮০

ইমেইল: ce@eedmoe.gov.bd

বিতরণ :

- ১) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, সকল কর্মকর্তা ও কর্মচারি।


- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল সার্কেল, শিক্ষা প্রকৌশল
অধিদপ্তর।
- ৩) নির্বাহী প্রকৌশলী, সকল জেলা, শিক্ষা প্রকৌশল
অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩১.০১২.২০.৮৭/১(৭)

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮
১০ জুন ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) নির্বাহী প্রকৌশলী-১/২/৩/৪, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
- ৫) হিসাবরক্ষণ কর্মকর্তা-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৬) সহকারী প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী মহোদয়ের জ্ঞাতার্থে)।



১০-৬-২০২১

(আসাদুজ্জামান)

উপপরিচালক (প্রশাসন)